"আত্মকর্মী যুবশক্তি, টেকসই উন্নয়নের মূলভিত্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ,ঢাকা-১০০০।
www.dyd.gov.bd.

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৪.০০৯.১৫- ৬৯৭ তারিখঃ ১৫/১০/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ মাসের শেষ কর্ম দিবসে ঋণ বিতরণের অগ্রগতির সংক্ষিপ্ত তথ্য প্রেরণ না করার কারণ ব্যাখ্যা প্রসংগে।

সূত্র ঃ ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০২১.২০১১-২৬৬, ২১/০৬/২০১৬ খ্রিঃ

উপযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর লক্ষ্যমাত্রা অর্জন মূল্যায়ন করার জন্য প্রতিটি জেলা হতে জেলাধীন উপজেলাসমূহের ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনের তথ্য নির্ধারিত ছকে সংক্ষিপ্ত প্রতিবেদন আকারে addydpe@gmail.com -এ প্রতি মাসের শেষ কর্ম দিবসে প্রেরণ করার নির্দেশনা দিয়ে পত্র দেয়া হয়েছে। কিন্তু প্রতি মাস শেষে লক্ষ্য করা যায় যে, বেশ কিছু সংখ্যক জেলা থেকে যথা সময়ে মেইল-এর মাধ্যমে প্রতিবেদনটি প্রেরণ করা হয় না, আবার কোন কোন জেলা থেকে মেইল না করে হার্ড কপি সরাসরি প্রেরণ করা হয়। ফলে সম্পাদিত APA চুক্তি মোতাবেক ঋণ বিতরণের অগ্রগতির তথ্য নির্ধারিত সময়ে প্রস্তুত করে কর্তৃপক্ষের নিকট তুলে ধরা সম্ভব হয় না।

০২। সেপ্টেম্বর/১৭ মাস শেষে ঋণ বিতরণের প্রতিবেদন প্রাপ্ত সংক্রান্ত তথ্য নিম্নে ছকে বিভাগওয়ারী বর্ণনা করা হলোঃ

নং	বিভাগ	মোট জেলার সংখ্যা	সেপ্ট/১৭ মাসের প্রতিবেদন পাওয়া গেছে এমন জেলার সংখ্যা	বিবেচ্য মাসে প্রতিবেদন প্রেরণ করেনি এমন	
				জেলার সংখ্যা	জেলার নাম
০১.	ঢাকা	১৩ টি	০৮ টি	০৫ টি	মুন্সীগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, টাঙ্গাইল এবং কিশোরগঞ্জ
০২.	ময়মনসিংহ	০৪ টি	০৩ টি	০১ টি	নেত্রকোণা
০৩.	রাজশাহী	০৮ টি	০৫ টি	০৩ টি	রাজশাহী, নওগাঁ এবং সিরাজগঞ্জ
০৪.	রংপুর	০৮ টি	০৬ টি	০২ টি	গাইবান্ধা এবং নীলফামারী
০৫.	খুলনা	১০ টি	০৬ টি	০৪ টি	বাগেরহাট, মাগুরা, নড়াইল এবং মেহেরপুর
০৬.	বরিশাল	০৬ টি	০৪ টি	০২ টি	পিরোজপুর এবং ঝালকাঠি
০৭.	চট্টগ্রাম	১১ টি	০৮ টি	০৩ টি	চট্টগ্রাম, কক্সবাজার এবং লক্ষীপুর
০৮.	সিলেট	০৪ টি	০২ টি	০২ টি	সুনামগঞ্জ এবং মৌলভীবাজার
	মোট	৬৪ টি	৪২ টি	২২ টি	-

০৩। বর্ণিত অবস্থায়, আগামী ২৬/১১/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে মুন্সীগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, নেত্রকোণা, রাজশাহী, নওগাঁ, সিরাজগঞ্জ, গাইবান্ধা, নীলফামারী, বাগেরহাট, মাগুরা, নড়াইল, মেহেরপুর, পিরোজপুর, ঝালকাঠি, চট্টগ্রাম, কক্সবাজার, লক্ষীপুর, সুনামগঞ্জ এবং মৌলভীবাজার জেলা থেকে মাসের শেষ কর্মদিবসে ঋন বিতরণের সংক্ষিপ্ত প্রতিবেদন প্রেরণ না করার কারণ ব্যাখ্যা করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একই সংগে প্রতিবেদনটির হার্ডকপি প্রেরণ না করে নিম্নবর্ণিত ছকে পূরণ করে প্রতি মাসের শেষ কর্মদিবসে মেইলে (মেইল নম্বর-addydpe@gmail.com) প্রেরণ নিশ্চিত করতেও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫/১০/১৭
(ফরিদা ইয়াসমিন)
উপ পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)
ফোন-৯৫৫৩৩২৩।

উপ পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
---------- জেলা।

অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ করা হলো-

০১। উপ পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ----------জেলা(সকল)।
০২। প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

"ছক"

জেলার নাম ঃ ---------- অর্থবছর -

উপজেলার নাম	কর্মসূচি	চলতি অর্থবছরে বিতরণের লক্ষ্যমাত্রা		চলমান মাসে অর্জন				চলতি অর্থবছরে অর্জন (বিবেচ্য মাস পর্যন্ত)			
				১ম দফা		অন্যান্য দফা		১ম দফা		অন্যান্য দফা	
		টাকা	জন	টাকা	ঋণ	টাকা	জন	টাকা	জন	টাকা	জন
	আত্মঃ										
	পরিঃ										
	আত্মঃ										
	পরিঃ										